জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক
Permanent Mission of Bangladesh to the
United Nations, New York

প্রেস রিলিজ

“উন্নয়ন-অধিকারসহ সকল মানবাধিকারের সুরক্ষা ও অগ্রায়নকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে বাংলাদেশ” - জাতিসংঘে রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

নিউইয়র্ক, ০৫ অক্টোবর, ২০২০:

আজ, জাতিসংঘ সাধারণ পরিষদের চলমান ৭৫তম অধিবেশনের আওতায় তৃতীয় কমিটির সাধারণ বিতর্কে অংশগ্রহণ করে মানবাধিকার সুরক্ষা ও অগ্রায়নের ক্ষেত্রে বাংলাদেশের অবিচল প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা ।

তিনি বলেন, ‘জন-কেন্দ্রিক’ ও ‘সমগ্র সমাজ কেন্দ্রিক’ দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ তার জনগণের সকল মানবাধিকারের সুরক্ষা ও অগ্রায়নে কাজ করে যাচ্ছে । সামাজিক উন্নয়ন, নারী ও বালিকাসহ সকল নাগরিকের মানবাধিকার রক্ষা, আইনের শাসন এবং এ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণ, সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের মতো বৈশ্বিক চ্যালেঞ্জসমূহ মোকাবিলা এবং সাইবার অপরাধ ও মাদকসহ অন্যান্য অপরাধ দমনে বাংলাদেশ যে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে তা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা ।

বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর ফলে সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি এবং চলমান আর্থ-সামাজিক কর্মকান্ডে এর সম্ভাব্য প্রভাব মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার গৃহীত ত্বরিত ও কার্যকর পদক্ষেপসমূহের কথা উল্লেখ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি । জাতিসংঘ মহাসচিব কর্তৃক তৃতীয় কমিটিতে দাখিলকৃত বিভিন্ন প্রতিবেদনে মানবাধিকার রক্ষাসহ সামাজিক খাতে বাংলাদেশের অর্জনসমূহের যে স্বীকৃতি দেওয়া হয়েছে তা তুলে ধরেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ।

রাষ্ট্রদূত ফাতিমা রোহিঙ্গা সমস্যার বিষয়টিও এই কমিটিতে তুলে ধরেন । প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানের আলোকে এই সমস্যার সমাধানে তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান । রোহিঙ্গা বিষয়ে তৃতীয় কমিটিতে গৃহীতব্য রেজুলেশনটিকে সমর্থন জানাতে সদস্য দেশসমূহের প্রতি আহ্বান জানান তিনি ।

কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদী প্রভাব সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি । বৈশ্বিক এই মহামারির কারণে এসডিজি অর্জনের ক্ষেত্রে সৃষ্ট প্রতিবন্ধকতা কাটিয়ে তুলতে “প্রচলিত কার্যধারা”-এর বাইরে এসে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান তিনি ।

কোভিড-১৯ এর কারণে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত তৃতীয় কমিটির এই সভা সংক্ষিপ্ত আকারে এবং সামাজিক দূরত্ব অনুসরণ করে অনুষ্ঠিত হচ্ছে ।

***

820 Diplomat Center, 4th Floor, 2nd Avenue, New York, NY 10017
Tel: +1 (212) 867 3434 • Fax: +1 (212) 972 4038 • Email: bdpmny@gmail.com • web site: https://bdun.org